৮১/

দৈনিক ইনকিলাব

তারিখ 28 DEC 1992
পৃষ্ঠা ১ কলাম ৭

## ট্রেড ইউনিয়নিজমে শিক্ষকদের জড়িত হওয়া উচিত নয়—শিক্ষামন্ত্রী

*॥ স্টাফ রিপোর্টার ॥*

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেছেন, শিক্ষকতা একটি মিশন। এই মিশন পালন করতে গিয়ে শিক্ষকদের ট্রেড ইউনিয়নিজমে জড়িত হওয়া উচিত নয়। তিনি গতকাল বিকেলে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে বাংলাদেশ সরকারী মাধ্যমিক

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## শিক্ষামন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষক সমিতি (বাসমাশিস)-এর জাতীয় প্রতিনিধি সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

সমিতির সভাপতি জনাব মোঃ আবদুর রাজ্জাকের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে বক্তৃতা করেন শিক্ষাসচিব জনাব শফিউল আলম, অধ্যক্ষ পরিষদের সভাপতি জনাব মোঃ মোকাররম হোসেন, মাধ্যমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ইউনুস, রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান জনাব গাজী আবদুস সালাম এবং সমিতির সাধারণ সম্পাদক জনাব মোঃ নজরুল ইসলাম।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার ইতোমধ্যেই কলেজ শিক্ষকদের পদোন্নতি বাস্তবায়িত করেছেন। মাধ্যমিক শিক্ষকদের পদোন্নতির বিষয়টিও সরকার হাতে নিয়েছেন। শিক্ষকদের দাবীর প্রেক্ষিতে সরকার মাধ্যমিক শিক্ষার জন্য একটি আলাদা অধিদফতর স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন, যা এখন ঘোষণার অপেক্ষায় আছে।